

## 💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ সালামের আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কেউ পরোক্ষভাবে অন্যের মাধ্যমে সালাম পাঠালে

কেউ পরোক্ষভাবে অন্যের মাধ্যমে সালাম পাঠালে যে সালাম পৌঁছাবে তাকে সহ সালামদাতাকে এই উত্তর দেওয়া বিধেয়,

وَعَلَيْكَ وَعَلَيْهِ السَّلاَمُ

(অ আলাইকা অ আলাইহিস সালা-ম)। অর্থাৎ, আর আপনার ও তাঁর উপরেও শান্তি বর্ষণ হোক।[1] প্রকাশ থাকে যে, উত্তরে সালাম বাহককে সালাম দেওয়া ওয়াজেব নয়, মুস্তাহাব। যেহেতু আল্লাহর রাসুল (ﷺ) আয়েশাকে জিবরীলের সালাম পৌঁছালে তিনি উত্তরে কেবল 'অআলাইহিস সালাম অরাহমাতুল্লাহ'ই বলেছিলেন।[2] আবূ যার্র (রাঃ) এর উক্ত মতে প্রেরিত সালাম হল নিতান্ত হাল্কা বহনযোগ্য একটি সুন্দর উপহার।[3]

## ফুটনোট

- [1]. মুসনাদে আহমাদ আল-মাকতাবাতুশ-শামেলা. হা/ ২২৫৯৪, সহীহ আবূ দাউদ হা/৪৩৫৮, ফাতহুল বারী ১১/৪১
- [2]. বুখারী তাওহীদ পাবঃ হা/ ৬২৫৩
- [3]. আল-আদাবুশ শারইয়্যাহ ১/৩৯৩

Source — https://www.hadithbd.com/books/link/?id=7990

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন